দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 JUL 2016
পৃষ্ঠা ৩৪ কলাম ২

# মির্জাপুরে প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ ১১৫টি পদ শূন্য

উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪৫ জন প্রধান শিক্ষকসহ ১১৫টি সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। বিপুল সংখ্যক শিক্ষকের পদ শূন্য থাকায় ঐ সব বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে

■ মির্জাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

মির্জাপুর উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪৫ জন প্রধান শিক্ষকসহ ১১৫টি সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। বিপুল সংখ্যক শিক্ষকের পদ শূন্য থাকায় ঐ সব বিদ্যালয়ে শিক্ষা, কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানায়, একটি পৌরসভা ও ১৪ ইউনিয়নে ১৭৬টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। ১৭৬ প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪৫ প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য দীর্ঘদিন ধরে। এ ছাড়া সহকারী শিক্ষকের পদ্য শূন্য রয়েছে ৭০টি। উপজেলার মহেড়া, জামুর্কি, ফতেপুর, বানাইল, আনাইতারা, ওয়ার্শি, ভাদগ্রাম, ভাওড়া, বহুরিয়া, লতিফপুর, গোড়াই, আজগানা, তরফপুর, বাঁশতৈল ইউনিয়নের প্রত্যন্ত অঞ্চলের প্রাথমিক বিদ্যালয় এবং মির্জাপুর পৌরসভার মধ্যেও প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য বলে শিক্ষক ও উপজেলা শিক্ষা অফিস সূত্র জানিয়েছে।

এদিকে ৪০টি প্রধান শিক্ষকের পদোন্নতির জন্য নামের তালিকা জেলা শিক্ষা অফিস, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে লিখিত আকারে জানানো হয়েছে। দীর্ঘদিন পার হলেও নানা জটিলতার কারণে ৪০ জন শিক্ষকদের পদোন্নতির ফাইল আটকা পড়ে আছে। ফলে পদোন্নতি প্রাপ্ত শিক্ষকরা প্রধান শিক্ষক পদে যেতে পারছে না বলে জানিয়েছেন। শূন্য পদগুলো পূরণ এবং পদোন্নতি প্রাপ্ত শিক্ষকদের প্রধান শিক্ষক পদে নিয়োগের জন্য জোর দাবি জানিয়েছেন।

মির্জাপুর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. খলিলুর রহমান বলেন, মির্জাপুরে বিভিন্ন বিদ্যালয়ে ৪৫ জন প্রধান শিক্ষক ও ৭০ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এ ছাড়া ৪০ জন সহকারী শিক্ষককে পদোন্নতির জন্য সুপারিশ করে সংশ্লিষ্ট বিভাগকে লিখিত আকারে জানানো হয়েছে।